Department of Education

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি: মিডল্ স্কুলে ভর্তির জন্য বিভিন্ন ফলের অংশের সমন্বিত ব্যবহার

স্টেট আইন পরিষদ ভর্তির সিদ্ধান্তের জন্য কমন কোর পরীক্ষার ফল ব্যবহার সম্পর্কিত একটি আইন পাস করেছে; পরিবারের জন্য এর অর্থ কী?

এই আইন অনুসারে ভর্তির সিদ্ধান্তে ৩-৮ গ্রেডের শিক্ষার্থীদের স্টেট পরীক্ষার ফলাফল একমাত্র, প্রাথমিক অথবা প্রধান উপাদান হিশেবে ব্যবহার করা যাবে না। এর মানে শিক্ষার্থীদেরকে অবশ্যই বহুবিধ মাপকাঠির ব্যবহার করে মূল্যায়ন করতে হবে।

এর মানে কি এই যে স্টেট পরীক্ষাগুলো ভর্তি প্রক্রিয়ায় আর কোন বিবেচনার বিষয় নয়?

না, এর মানে এই যে, ভর্তিতে এটি আর প্রধান স্কোর হিশেবে ব্যবহৃত হবে না; যদিও, স্টেট পরীক্ষাগুলো কোন্ শিক্ষার্থীকে ভর্তি করা হবে সেটি নির্ধারণে বহুবিধ পরিমাপের বিভিন্ন কর্মসূচির সমন্বয়ের একটি হিশেবে বিবেচিত হবে।

শিক্ষার্থীদেরকে কীভাবে মূল্যায়ন করা হবে?

একটি সমন্বিত স্কোর ব্যবহার করা হবে। ভর্তির উদ্দেশ্যে একটি স্কোরে সমন্বিত করতে বহুবিধ পরিমাপের মিশ্রণ ঘটানো হয়। ভর্তি পদ্ধতিতে বিভিন্ন ডিস্ট্রিক্ট এবং স্কুল এই সমন্বিত স্কোর গ্রহণ করছে, কিন্তু তারা ভিন্ন ভিন্নভাবে এই পরিমাপটি নির্ণয় করে। একটি সমন্বিত স্কোরের উদাহরণ যেটি হতে পারে তা হলো ২২.৫% এনওয়াইএস ইংরেজি ভাষা শৈলী পরীক্ষা, ২২.৫% এনওয়াইএস গণিত পরীক্ষা, ৪৫% রিপোর্ট কার্ডের গ্রেড, এবং ১০% উপস্থিতি – এই মিলে একজন আবেদনকারীর সমন্বিত স্কোর। সর্বোচ্চ সমন্বিত স্কোরের আবেদনকারীকে তার সর্বোচ্চ পছন্দের কর্মসূচির সাথে মানানসই করা হবে।

আর কী সম্ভাব্য উপায়ে সমন্বিত স্কোর নির্ধারিত হতে পারে?

যেসব উপায়ে কোন কর্মসূচির জন্য সমন্বিত স্কোরের পরিমাপ হতে পারে সেগুলি হলো:

- ৪র্থ গ্রেডের রিপোর্ট কার্ড থেকে প্রাপ্ত গ্রেড
- ৪র্থ গ্রেডের স্টেট পরীক্ষার ফলাফল
- উপস্থিতি
- সময়ানুবর্তিতা
- এলিমেন্টারি স্কুল কর্তৃক যেভাবে শিক্ষার্থীর কার্যসম্পাদনা মূল্যায়ন করা হয়

আমি যদি তথ্য না পাই, সেক্ষেত্রে কী ঘটে?

কী ধরনের তথ্য পাওয়া যায়নি তার ওপর নির্ভর করে যে তথ্য পাওয়া যায়নি সেটির জন্য অন্য ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। কিন্তু, স্টেট পরীক্ষাগুলোকে মৌলিক উপাদান হিশেবে ব্যবহার করা যাবে না, তার মানে না-পাওয়া তথ্যের পরিবর্তে সেগুলিকে প্রধান উপাদান হিশেবে ব্যবহার করা যাবে না। মিডল স্কুলে ভর্তি সম্পর্কে কোনি প্রশ্ন থাকলে দয়া করে আপনার এলেমেন্টারি স্কুলে যোগাযোগ করুন।

Department of Education

এক স্কুল বা ডিস্ট্রিক্ট থেকে অন্য স্কুল বা ডিস্ট্রিক্টের সমন্বিত স্কোর কীভাবে ভিন্ন হতে পারে?

ডিস্ট্রিক্ট এবং বাছাইকৃত স্কুলসমূহের তাদের ডিস্ট্রিক্ট অথবা স্কুলের কর্মসূচি অনুযায়ী লক্ষ্য এবং পরিকল্পনার ভিত্তিতে সমন্বিত স্কোর তৈরির ক্ষমতা রয়েছে। স্কুলের কোন কর্মসূচির ভর্তি পদ্ধতি সম্পর্কে আরও নির্দিষ্ট তথ্য লাভে পরিবারবর্গের সরাসরি স্কুলের সাথে কথা বলা উচিত।

সমন্বিত স্কোর এবং বাছাইকৃত কি একই ব্যাপার? বাছাইকৃত বলতে কী বোঝায়?

সমন্বিত স্কোর এবং বাছাইকৃত কর্মসূচি এক নয়। বাছাইকৃত কর্মসূচি আরও বেশি ব্যক্তিক। এতে বহুবিধ পরিমাপ, শিক্ষার্থী মূল্যায়ন, এবং শিক্ষার্থীদেরকে স্তর-বিন্যস্ত করে কাদেরকে ভর্তি করা হবে সেটি নির্ধারণ করা হয়। বাছাইকৃত কর্মসূচির জন্য, সকল মূল্যায়ন স্কুলে পরিচালিত হয় এবং মানানসই প্রক্রিয়ার জন্য শুধুমাত্র স্তর-বিন্যস্ত তালিকা অফিস অব স্টুডেন্ট এনরোমেন্টে জমা দেয়া হয়। যেসব কর্মসূচি সমন্বিত স্কোর ব্যবহার করে, তাদের জন্য প্রত্যেক প্রার্থীর বস্তু-নিরপেক্ষ অ্যাকাডেমিক কার্যসম্পাদনা এবং তার স্তর-বিন্যস্ত অগ্রাধিকারের ভিত্তিতে অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট সমন্বিত স্কোর তৈরি করবে। বাছাইকৃত কর্মসূচিসমূহের জন্য একটি বাড়তি মূল্যায়নও আবশ্যিক হতে পারে, যেমন ইন্টারভিউ অথবা পোর্টফোলিও। সমন্বিত স্কোর কর্মসূচিগুলোর জন্য কোন বাড়তি মূল্যায়ন থাকে না।

কোন কোন স্কুল সমন্বিত স্কোর এবং কিছু স্কুল বাছাই কর্মসূচি কেন ব্যবহার করে?

ডিস্ট্রিক্টের বিদ্যমান কম্যুনিটি প্রথা অনুযায়ী মিডল্ স্কুল ভর্তি প্রক্রিয়াও ভিন্ন হয়। কিছু ডিস্ট্রিক্টের বাছাইকৃত কর্মসূচির ইতিহাস রয়েছে এবং তার পাশাপাশি অন্য ডিস্ট্রিক্টগুলোর পরীক্ষার স্কোরের ভিত্তিতে ভর্তির ইতিহাস থাকতে পারে। উভয় ভর্তি পদ্ধতি বিদ্যমান থাকলে অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট তাদের স্থানীয় কম্যুনিটির পরিবারগুলোকে পরিচিত পদ্ধতিটি রক্ষার সুযোগ দিতে পারে।

আমরা কীভাবে বুঝবো কোন স্কুলটি বাছাইকৃত পদ্ধতি এবং কোনটি সমন্বিত পদ্ধতি ব্যবহার করছে?

সমন্বিত স্কোর একটি নতুন ভর্তি পদ্ধতি; অধিকাংশ যেসব স্কুল এটি ব্যবহার করছে সংযুক্ত টেবিলে তাদের তালিকা দেয়া আছে। কোন নির্দিষ্ট বাছাইকৃত স্কুল সেপ্টেম্বর ২০১৫-এর ভর্তিতে এই পদ্ধতিটিও ব্যবহার করতে পারে। তাদের ডিস্ট্রিক্টে বিদ্যমান যেকোন বাছাইকৃত কর্মসূচিতে শিক্ষার্থীদেরকে কীভাবে মূল্যায়ন করা হয় সেবিষয়ে আরও নির্দিষ্ট তথ্যের জন্য পরিবারদেরকে সেই কর্মসূচির সাথে যোগাযোগ করা উচিত।

এটি কীভাবে মার্ক টোয়েন এবং ডিস্ট্রিক্ট ২১-এর অন্য যেসব মেধা যাচাই পরীক্ষার স্কুল রয়েছে তাদের ভর্তি প্রক্রিয়ায় পরিবর্তন আনে?

এইসব স্কুলের ভর্তি প্রক্রিয়ায় কোন পরিবর্তন নেই। মার্ক টোয়েন পারিচালিত মেধা পরীক্ষায় প্রাপ্ত শিক্ষার্থীদের স্কোরের ভিত্তিতে তাদের ভর্তি করা হবে। এই স্কুলগুলো ভর্তিতে কখনও স্টেট পরীক্ষার ফলাফল ব্যবহার করে না।

এটি কীভাবে অবাছাইকৃত অথবা সীমিত বাছাইকৃত স্কুলের ভর্তি প্রক্রিয়ার পরিবর্তন করে?

এইসব স্কুলের ভর্তি প্রক্রিয়া অপরিবর্তিত রয়েছে। ভর্তির জন্য এর কোনটিতে পরীক্ষার স্কোর (এবং অন্য অ্যাকাডেমিক তথ্য) কখনই ব্যবহার করা হয় না।